২৪

দৈনিক বাংলা

তারিখ ...0.2 OCT 1995 ... ...
পৃষ্ঠা ... ৬ কলাম ২

# অনার্স ও মাস্টার্স পরীক্ষার শিডিউল পুনর্বিন্যাস দাবী ঢাকা ভার্সিটিতে ভাংচুর

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ অনার্স ও মাস্টার্স পরীক্ষার সময়সূচী পুনর্বিন্যাসের দাবীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একদল ছাত্র রোববার ভাইস চ্যান্সেলরের কার্যালয়ের জানালা ও কল্যাপসিবল গেইট ভাংচুর করে। ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদ এ সময় তার কার্যালয়ে ছিলেন। পরে পুলিশ এসে তাদের স্থান ত্যাগে বাধ্য করে।

এদিকে গতকাল রাতে পরীক্ষার সময়সূচীর পরিবর্তন হবে কিনা ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীনের কাছে জানতে চাইলে তিনি বলেন, পরীক্ষার সময়সূচীর কোন ক্রমেই পরিবর্তন করা হবে না। সঠিক সময়সূচী অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে বলে তিনি জানান। উল্লেখ্য, আগামী ১৭ অক্টোবর থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান ও কলা অনুষদের অনার্স এবং মাস্টার্স ফাইনাল পরীক্ষার সময়সূচী ঘোষণা করা হয়েছে। কিন্তু ঐদিন থেকে তিনটি বিরোধীদল ৯৬ ঘন্টার হরতাল আহবান করেছে।